গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
ঢাকা জেলা কার্যালয়।
dhakadistrict.bsa@gmail.com

স্মারক নম্বর: শিএক-ঢাজে-৪৫(অংশ-১)/২০২৫/৮৫(৩০০)

তারিখ : ১৯ অগ্রহায়ণ ১৪৩২ / ০৪ ডিসেম্বর ২০২৫

বিষয়: মহান বিজয় দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতা ও অনুষ্ঠানে শিশুদের অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানাচ্ছি যে, ঢাকা জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা জেলা কার্যালয়ের আয়োজনে মহান বিজয় দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী শিশুদের জন্য ০৪ (চার) দিনব্যাপী বিভিন্ন প্রতিযোগিতা ও অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

| তারিখ ও সময় | কর্মসূচি | বিভাগ ও বিষয় | স্থান |
|---|---|---|---|
| রচনা জমা দেয়ার শেষ সময় ১১/১২/২০২৫ বৃহস্পতিবার বিকাল ০৪.০০টা পর্যন্ত | রচনা প্রতিযোগিতা<br>শব্দসীমা:<br>ক-বিভাগ: ৬০০ শব্দ<br>খ-বিভাগ: ৮০০ শব্দ | ক-বিভাগ : ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি<br>বিষয় : আমাদের গৌরবময় মহান মুক্তিযুদ্ধ<br>খ-বিভাগ : ৭ম থেকে ১০ম শ্রেণি<br>বিষয় : বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ | বাংলাদেশ শিশু একাডেমি ঢাকা জেলা কার্যালয়। ১৯০/১, ২য় কলোনী, মিরপুর-১, ঢাকা-১২১৬। (১০ নং ওয়ার্ড কমিউনিটি সেন্টার সংলগ্ন) |
| ১৪/১২/২০২৫ রবিবার সকাল ১০.০০টা | চিত্রাংকন প্রতিযোগিতা<br>(সকল বিভাগের ছবি আঁকার মাধ্যম উন্মুক্ত থাকবে) | ক-বিভাগ : শিশু থেকে ৩য় শ্রেণি<br>বিষয় : উন্মুক্ত<br>খ-বিভাগ : ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি<br>বিষয় : বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ<br>গ-বিভাগ : ৭ম থেকে ১০ম শ্রেণি<br>বিষয় : জুলাই গণঅভ্যুত্থান ২০২৪<br>ঘ-বিভাগ : বিশেষ চাহিদাসম্পন্ন শিশু<br>বিষয় : উন্মুক্ত | |
| ১৪/১২/২০২৫ রবিবার বিকাল ০৩.০০টা | আবৃত্তি প্রতিযোগিতা | ক-বিভাগ : ৩য় থেকে ৬ষ্ঠ শ্রেণি<br>বিষয় : যুদ্ধ জয়ের কথা<br>কবি : শামসুর রাহমান<br>খ-বিভাগ : ৭ম থেকে ১০ম শ্রেণি<br>বিষয় : তোমার পতাকা যারে দাও<br>কবি : রবীন্দ্রনাথ ঠাকুর | |
| ১৫ ও ১৬ ডিসেম্বর ২০২৫ সকাল ১০টা থেকে বিকাল ০৪টা পর্যন্ত | আলোকচিত্র প্রদর্শনী এবং পুস্তক প্রদর্শনী ও বিক্রয় | | |
| ১৬/১২/২০২৫ মঙ্গলবার বিকাল ০৩.০০মি. | আলোচনা, পুরস্কার ও সনদপত্র বিতরণ এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান | | |

বি.দ্র.: রচনা ১১ ডিসেম্বর ২০২৫ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা জেলা কার্যালয়ে (১৯০/১, ২য় কলোনী, মিরপুর-১, ঢাকা-১২১৬) ডাকযোগে অথবা সরাসরি জমা দিতে হবে। রচনা A4 সাইজ কাগজের একপাশে নিজ হাতে লিখতে হবে। লিখিত রচনায় প্রতিযোগির নাম, পিতা-মাতার নাম, বিদ্যালয়ে অধ্যয়নরত শ্রেণি, বিদ্যালয়ের নাম ও মোবাইল নম্বর অবশ্যই বাংলায় লিখতে হবে।

চিত্রাংকন প্রতিযোগিতার কাগজ ব্যতীত অন্যান্য উপকরণ সঙ্গে আনতে হবে।

উল্লিখিত কর্মসূচিতে আপনার প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

০৪/১২/২০২৫
রাশিদা বেগম
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাংলাদেশ শিশু একাডেমি
ঢাকা জেলা।
ফোন: ০২২২৬৬২৪৩১১

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/পরিচালক/সভাপতি
------------------------------------------------------------------, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-
১। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি।
২। জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা জেলা পরিচালনা কমিটি।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা ও সহ সভাপতি, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা জেলা পরিচালনা কমিটি।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঢাকা।
৫। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, ঢাকা (ব্যাপক প্রচারের অনুরোধ জানিয়ে অনুলিপি প্রেরণ করা হলো।)
৬। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা।
৮। অফিস কপি।

CamScanner